

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৮, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতিরক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১২ই ভাদ্র ১৪১০/২৭শে আগস্ট ২০০৩

এস, আর, ও নং ২৫৭-আইন/২০০৩।—Army Act, 1952 (XXXIX of 1952) এর section 176A তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই প্রবিধানমালা স্পেশালিস্ট ডেন্টাল সার্জন (আর্মি ডেন্টাল কোর) পদোন্নতি প্রবিধানমালা, ২০০৩ নামে অভিহিত হইবে।

২। স্পেশালিস্ট ডেন্টাল সার্জনের শ্রেণীবিভাগ।—আর্মি ডেন্টাল কোরে স্পেশালিস্ট ডেন্টাল সার্জন নিম্নরূপ শ্রেণীভুক্ত হইবে, যথা :—

- (১) পর্যায়িত (গ্রেডেড) বিশেষজ্ঞ ;
- (২) বর্গিত (ক্লাসিফাইড) বিশেষজ্ঞ ;
- (৩) উপদেষ্টা (এ্যাডভাইজার) বিশেষজ্ঞ।

৩। পদোন্নতি।—পদোন্নতি সংক্রান্ত বিধানাবলীর সকল শর্ত পূরণ সাপেক্ষে—

- (ক) বিশেষজ্ঞ ডেন্টাল সার্জনের পূলে একজন পর্যায়িত বিশেষজ্ঞ যাহার জন্য প্রাধিকৃত সাংগঠনিক কাঠামোতে পদ কাঠামো সংজ্ঞায়িত করা নাই, তাহার জুনিয়র কোন জেনারেল ডিউটি ডেন্টাল সার্জন বিদ্যমান শূন্য পদের বিপরীতে পদোন্নতি পাওয়ার পরই লেঃ কর্নেল এর নির্দিষ্ট পদে পদোন্নতির জন্য বিবেচিত হইবেন ;

(৯৩০৫)

মূল্য : টাকা ১.০০

- (খ) বিশেষজ্ঞ ডেন্টাল সার্জনের পূলে একজন বর্গিত বিশেষজ্ঞ যাহার জন্য প্রাধিকৃত সাংগঠনিক কাঠামোতে পদ কাঠামো সংজ্ঞায়িত করা নাই, তাহার জুনিয়র কোন জেনারেল ডিউটি ডেন্টাল সার্জন বিদ্যমান শূন্য পদের বিপরীতে পদোন্নতি পাওয়ার পরই কর্নেল এর নির্দিষ্ট পদে পদোন্নতির জন্য বিবেচিত হইবেন ;
- (গ) কর্নেল পদবীর বিশেষজ্ঞ ডেন্টাল সার্জন ব্রিগেডিয়ার জেনারেল এর পদে পদোন্নতির মাধ্যমে উপদেষ্টা (Adviser) নিয়োগপ্রাপ্ত হইবেন, তবে এই ক্ষেত্রে আর্মি ডেন্টাল কোরে উপদেষ্টা পদে ব্রিগেডিয়ার জেনারেল এর সংখ্যা সর্বাধিক ০১ (এক) জন এর অতিরিক্ত হইবে না।

৪। স্বল্প মেয়াদী কমিশন প্রাপ্ত অফিসারের ক্ষেত্রে প্রযোজ্যতা।—এই প্রবিধানমালার প্রবিধান ৩(ক) স্বল্প মেয়াদী কমিশন অফিসার এবং ইমারজেন্সী কমিশন ডেন্টাল সার্জনদের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

রষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হামিদুর রহমান

উপ-সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।